

## জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিলের জেলা কমিটির আগস্ট-২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন

জেলা ম্যাজিস্ট্রেট

জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি., সময়: বেলা ১২.৩০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” ও “খ” দ্রষ্টব্য


সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর এসিড সন্ত্রাস নিয়ন্ত্রণে সভায় উন্মুক্ত আলোচনা শুরু করা হয়। আলোচ্য মাসে এসিড সন্ত্রাসের কোন ঘটনা ঘটেনি মর্মে আলোচনা পর্বে সভাকে অবহিত করা হয়। এসিড সন্ত্রাস বন্ধে সরকার কর্তৃক জারীকৃত আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরত্বারোপ করা হয়। এসিড সন্ত্রাসের কোন ঘটনা ঘটলে ডিকটিমকে উদ্ধারপূর্বক তার সুচিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। নিজ নিজ অবস্থান থেকে এসিড অপব্যবহারের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি সংশ্লিষ্ট আইনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও এসিড বিক্রোতা ও ব্যবহারকারীগণকে লাইসেন্সের আওতায় আনতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত সমূহ:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	এসিড সন্ত্রাস ও এর অপব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি	ক) এসিড সন্ত্রাস বন্ধে সরকার কর্তৃক জারীকৃত আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। খ) এসিড সন্ত্রাসের ঘটনা ঘটলে ডিকটিমকে উদ্ধার করে তার সুচিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি এসিড অপব্যবহারের কুফল ও শাস্তি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গ) এসিড বিক্রোতা ও ব্যবহারকারীগণকে লাইসেন্সের আওতায় আনতে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট ২। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল) ৩। মেয়র, পৌরসভা (সকল) ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৫। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট ৬। ব্যবস্থাপক, ওয়ার্ডভিশন, জয়পুরহাট
০২	এসিড সংক্রান্ত মামলা পরিচালনা	এসিড নিক্ষেপ ঘটনায় দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, জয়পুরহাট ২। বিজ্ঞ পিপি, জয়পুরহাট ৩। বিজ্ঞ স্পেশাল পিপি, জয়পুরহাট
০৩	বিবিধ	উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব অধিক্ষেত্রের এসিড ব্যবহারকারী/ব্যবসায়ীগণকে নিয়ে নিয়মিত সভা করে এসিড ক্রয়-বিক্রয় ও ব্যবহারের লাইসেন্স গ্রহণসহ সার্বিক বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। নির্দেশনা অমান্যকারীগণের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সভাপতি, চেম্বার অব কমার্স ৩। সভাপতি/সেক্রেটারি, জুয়েলারি ও ব্যাটারী ব্যবসায়ী সমিতি

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোহাম্মদ জাকির হোসেন  
জেলা ম্যাজিস্ট্রেট  
জয়পুরহাট  
ফোন: ০৫৭১-৬২২০৮  
dcjoypurhat@mopa.gov.bd

পাতা নং-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট  
(জেএম শাখা)  
[www.joypurhat.gov.bd](http://www.joypurhat.gov.bd)

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১৪.১৯- ২০৬৭


তারিখ: ১৯/০৮/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি :

- ০১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ০৩। পুলিশ সুপার, জয়পুরহাট  
০৪। সিভিল সার্জন, জয়পুরহাট  
০৫। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট  
০৬। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট  
০৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর  
০৮। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর  
০৯। মেয়র, জয়পুরহাট/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর পৌরসভা  
১০। ব্যবস্থাপক, ওয়ার্ল্ড ভিশন, জয়পুরহাট  
১১। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট  
১২। সভাপতি/সেক্রেটারি, জুয়েলারি সমিতি, জয়পুরহাট

  
(সাদেকুর রহমান)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট  
জয়পুরহাট

ফোন: ০৫৭১-৬২২৫২

ফ্যাক্স: ০৫৭১-৬২৫৪৬

admjoypurhat@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পুলিশ সুপার, জয়পুরহাট  
২। মেয়র, জয়পুরহাট পৌরসভা  
৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট  
৪। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট  
৫। সভাপতি, স্বর্ণ ব্যবসায়ী সমিতি, জয়পুরহাট

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট “খ”

- ১। সিভিল সার্জন, জয়পুরহাট  
২। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট  
৩। ব্যবস্থাপক, ওয়ার্ল্ড ভিশন, জয়পুরহাট